



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/যশোর-১৮৮/২২১৫ / ৫

তারিখঃ ২৫.০৯.২০১৯খ্রিঃ

বিষয়ঃ- কারণ দর্শানো নোটিস প্রসঙ্গে।

- ১) সূত্র: নং-বামাশিবো/প্রশাসন/যশোর-১৮৮/২২৫৬/৫; তারিখ: ১৮/০৩/২০১৮ খ্রি.
- ২) -বামাশিবো/প্রশাসন/যশোর-১৮৮/২২৮৩/৫, তারিখ-১১/০৭/২০১৯ খ্রি:.
- ৩) ০৫.৪৪.৪১৬১.০০০.১১.০১৬.২০১৯-৯৫৭, তারিখ-১৪/৮/২০১৯ খ্রি:.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, যশোর জেলার মণিরামপুর উপজেলাধীন রাজগঞ্জ মোবারকপুর মহিলা আলিম মাদ্রাসার অধ্যক্ষ জনাব আব্দুস সালাম এর সাময়িক বরখাস্ত বিষয়ে মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং- ১১০৩/২০১৮ এর আদেশ বাস্তবায়নের লক্ষ্যে সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষকে চাকুরীতে পুনর্বহাল করার জন্য অত্র বোর্ডকর্তৃক সূত্রোক্ত ১ নং স্মারকে পত্র প্রেরণ করা হয়। পরবর্তীতে মাদ্রাসার ভারপ্রাপ্ত অধ্যক্ষ অভিযোগ করেন গত ৬/০৪/২০১৯ খ্রি. তারিখে গভার্ণিং বডির সভায় আব্দুস সালামকে পুনর্বহালের সিদ্ধান্ত নিয়ে ডাকমারফত পত্র প্রেরণ করা হয়, কিন্তু তিনি সাময়িক বরখাস্ত হবার পর থেকে প্রতিষ্ঠানে হাজির থাকেন না এবং তার পরিবার মাদ্রাসা কর্তৃপক্ষ কর্তৃক প্রেরিত পত্রটি গ্রহণ করেন নাই মর্মে অত্র বোর্ডে অভিযোগে দাখিল করেন। অভিযোগের পরিপ্রেক্ষিতে অত্র বোর্ডকর্তৃক সূত্রোক্ত ২ নং স্মারকে সরেজমিনে তদন্ত করে প্রতিবেদনে দেয়ার জন্য উপজেলা নির্বাহী অফিসার মণিরামপুর, যশোরকে পত্র প্রেরণ করা হয়। উপজেলা নির্বাহী অফিসার মণিরামপুর, যশোর সরেজমিনে তদন্ত করে সূত্রোক্ত ৩ নং স্মারকে প্রতিবেদন প্রেরণ করেন। তাতে দেখা যায় অধ্যক্ষ জনাব মো: আব্দুস সালাম ৭/৮ মাস যাবৎ এলাকায় থাকেননা, সুনির্দিষ্টভাবে কোথায় আছেন তা জানা যায়নি তবে এলাকায় যে নেই তা নিশ্চিত। তিনি বিভিন্ন মামলার আসামী হওয়ার কারণে পালিয়ে আছেন মর্মে তদন্ত কর্মকর্তা প্রতিবেদনে উল্লেখ করেন।

বর্ণিত অবস্থায় বোর্ড থেকে মাদ্রাসা কর্তৃপক্ষের নিকট প্ররিত পত্র স্মারক নং বামাশিবো/প্রশাসন/যশোর-১৮৮/২২৫৬/৫ তারিখ ১৮/০৩/২০১৯ কেন প্রত্যাহার করা হবে না পত্র প্রাপ্তির (১৫)টি কর্মদিবসে মধ্যে কারণ দর্শানোর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : উপজেলা নির্বাহী অফিসার, মণিরামপুর, যশোর
এর তদন্ত প্রতিবেদন..... পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

খঃ

(মোঃ সিদ্দিকুর রহমান)

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপক:

অধ্যক্ষ (সাময়িক বরখাস্ত) মো: আব্দুস সালাম, রাজগঞ্জ মোবারকপুর মহিলা
আলিম মাদ্রাসা, মণিরামপুর, যশোর।
স্থায়ী ঠিকানা- গ্রাম-মোবারকপুর
মণিরামপুর, যশোর।

নং-বামাশিবো/প্রশাসন/যশোর-১৮৮/২২১৫ / ৫

তারিখঃ ২৫.০৯.২০১৯খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. জেলা প্রশাসক, যশোর।
২. জেলা শিক্ষা অফিসার, যশোর।
৩. অধ্যক্ষ, (ভারপ্রাপ্ত) রাজগঞ্জ মোবারকপুর মহিলা আলিম মাদ্রাসা।
৪. পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৫.. অফিস কপি।

(মোঃ ওমর ফারুক)

উপ রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২৫/৯/১৯